NYC Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: **D-210**
বিষয়: **সিটিওয়াইড এবং কমিউনিটি এডুকেশন কাউন্সিলের আচরণ বিধি ও অভিযোগ প্রক্রিয়া: বৈষম্য-বিরোধী ও হয়রানী-বিরোধী নীতি**
শ্রেণি: **সিটিওয়াইড এবং কমিউনিটি এডুকেশন কাউন্সিলসমূহ**
ইস্যুর তারিখ: **22 ডিসেম্বর, 2021**

**অ্যাডভাইজরি (জারি হয়েছে 28 অগাস্ট, 2024)**

চ্যান্সেলর এই প্রবিধানের সেকশন II(C) এবং (D)-এর আরও পর্যালোচনার অধীনে থাকার কারণে এর বলবৎ প্রত্যাহার করেছেন। সেকশন II(C) কাউন্সিলের সদস্যদের এমন আচরণে লিপ্ত হতে নিষেধ করে যা হয়রানী, ভীতি বা হুমকি হিসেবে কাজ করে, এতে অন্তর্ভুক্ত তবে এগুলোতেই সীমিত নয়, ঘন ঘন মৌখিক দুর্ব্যবহার এবং অকারণে আগ্রাসী ভাষা ব্যবহার যা ভীতির সৃষ্টি করে এবং অন্যদের মাঝে তাদের ব্যক্তিগত নিরাপত্তার উদ্বেগ সৃষ্টি করে। সেকশন II(D) কাউন্সিল সদস্যদের সেসব আচরণ নিষিদ্ধ করে যেগুলোর সাথে কোনো DOE শিক্ষার্থীর সাথে অপমানজনক অথবা আপত্তিজনক মন্তব্য সম্পর্কিত।

NYC Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: **D-210**
বিষয়: **সিটিওয়াইড এবং কমিউনিটি এডুকেশন কাউন্সিলের আচরণ বিধি ও অভিযোগ প্রক্রিয়া: বৈষম্য-বিরোধী ও হয়রানী-বিরোধী নীতি**
শ্রেণি: **সিটিওয়াইড এবং কমিউনিটি এডুকেশন কাউন্সিলসমূহ**
ইস্যুর তারিখ: **22 ডিসেম্বর, 2021**

## সারসংক্ষেপ

এই প্রবিধান নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের বৈষম্য-বিরোধী ও হয়রানী-বিরোধী নীতি প্রতিষ্ঠা করে যা কমিউনিটি ও সিটিওয়াইড এডুকেশন কাউন্সিলসমূহের নির্বাচিত ও নিযুক্তিপ্রাপ্ত সদস্যদের আচরণ নিয়ন্ত্রণ করে এবং এই প্রবিধান লঙ্ঘন সম্পর্কে অভিযোগ দায়ের ও নিষ্পত্তি করার একটি প্রক্রিয়া প্রতিষ্ঠা করে।

## ভূমিকা

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (“DOE”) স্বীকৃতি দেয় যে DOE স্কুলগুলোর মূল ভিত্তি হলো পিতামাতা নেতৃত্ব ও সংশ্লিষ্টতা। DOE-এর নীতি হলো নির্বাচিত ও নিযুক্তিপ্রাপ্ত পিতামাতা নেতৃত্বের জন্য একটি ইতিবাচক ও সহায়ক পরিবেশ তৈরি ও বজায় রাখা যা বৈষম্য, হয়রানি, পক্ষপাত, জাতিবিদ্বেষ, এবং হুমকি থেকে মুক্ত। DOE সকল পিতামাতার সাথে সম্মানজনক ও মর্যাদাপূর্ণ আচরণ এবং পিতামাতাদের অংশগ্রহণ ও সংশ্লিষ্টকরণের স্বচ্ছ ও ন্যায়সঙ্গত সুযোগ প্রদানের জন্য প্রতিশ্রুতিবদ্ধ। DOE পিতামাতা নেতৃত্বে বৈচিত্র্যমণ্ডিত জাতিগোষ্ঠী, ভাষাগত ও সাংস্কৃতিক পরিচিতি নিশ্চিত করা, ঐতিহাসিকভাবে প্রান্তিক মানুষদের কণ্ঠকে শক্তিশালী করা ও তাতে মনোযোগ নিবিষ্ট করা, এবং পিতামাতাদেরকে সামাজিক পরিবর্তনকারী হিসেবে ক্ষমতায়ন করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।

নির্বাচিত বা নিযুক্তিপ্রাপ্ত পিতামাতা নেতৃত্ব হিসেবে কাউন্সিল সদস্যদের দায়িত্ব হলো একটি উচ্চ পর্যায়ের নৈতিকতা, নিষ্ঠা ও সৌজন্যবোধের চর্চা করা। কাউন্সিল সদস্যদের কাছ থেকে প্রত্যাশা করা হয় যে, তারা যে কাউন্সিলে ও কমিউনিটিতে কাজ করেন, সেখানে একটি দৃষ্টান্ত স্থাপনকারী অনুকরণীয় আদর্শে পরিণত হবেন এবং তারা যে পিতামাতা ও শিক্ষার্থীদের জন্য কাজ করেন, তাদের সবার অধিকারের প্রতি মর্যাদাশীল থেকে দায়িত্ব পালন করবেন।

প্রবিধানের সাথে সামঞ্জস্যবিধান করা ছাড়াও কাউন্সিল সদস্যদেরকে অবশ্যই আইন, উপবিধি, নীতি বা প্রবিধান, মানদণ্ড, কাউন্সিল সদস্য হিসেবে তাদের ভূমিকার সাথে সংশ্লিষ্ট নির্দেশনা ও চুক্তিসমূহের সাথেও খাপ খাওয়াতে হবে।

## সংজ্ঞাসমূহ

এই প্রবিধান ও অন্যান্য সংশ্লিষ্ট প্রবিধানের ক্ষেত্রে নিচের সংজ্ঞাগুলো প্রযোজ্য হবে:

**D-210 – সিটিওয়াইড অ্যান্ড কমিউনিটি এডুকেশন কাউন্সিল আচরণ বিধি ও অভিযোগ দাখিলের প্রক্রিয়াসমূহ: বৈষম্য-বিরোধী ও হয়রানী-বিরোধী নীতি** – 12/22/2021

1. CCEC বলতে বুঝায় একটি কমিউনিটি ডিস্ট্রিক্ট এডুকেশন কাউন্সিল এবং/অথবা সিটিওয়াইড কাউন্সিল।

2. কাউন্সিল সদস্য বলতে বুঝায় 32-টি কমিউনিটি ডিস্ট্রিক্ট এডুকেশন কাউন্সিল, কিংবা 4-টি সিটিওয়াইড কাউন্সিলের একটির নির্বাচিত অথবা নিযুক্তিপ্রাপ্ত সদস্য: সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলস্, সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশন, সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স, এবং সিটিওয়াইড কাউন্সিল অন ডিস্ট্রিক্ট 75।

3. আচরণ বলতে বুঝায় মৌখিক বা লিখিত ভাষা ব্যবহারসহ সকল মৌখিক ও শারীরিক কর্মকাণ্ড ও আচরণ, যার অন্তর্ভুক্ত হলো (a) কোনো CCEC মিটিং-এ, (b) CCEC আয়োজিত অনুষ্ঠানে, (c) CCEC নির্বাচন ও প্রচারণায়, (d) কোনো কাউন্সিল সদস্য যেসব উন্মুক্ত স্থানে ও অনুষ্ঠানে দাপ্তরিক দায়িত্ব পালনে উপস্থিত থাকেন, এবং (e) অন্যান্য কর্মকাণ্ডে যখন এ ধরনের আচরণ কাউন্সিল সদস্য যে ডিস্ট্রিক্ট-এ কাজ করেন, সে ডিস্ট্রিক্ট-এর অভ্যন্তরে বা স্কুল কমিউনিটিতে যখন এ ধরনের আচরণ জবরদস্তিমূলকভাবে একটি প্রতিবন্ধক তৈরি করে বা করতে পারে এবং/অথবা CCEC কিংবা কাউন্সিল সদস্যের CCEC-এর দায়িত্ব পালনকালে কার্যসম্পাদনায় প্রতিবন্ধক তৈরি করে।

4. FACE হলো DOE-এর অফিস অভ ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি এমপাওয়ারমেন্ট-এর একটি টিম যা নিউ ইয়র্ক সিটি স্কুলসমূহের পিতামাতা পরিচালনা কাঠামো গঠন এবং তার সহায়তার জন্য দায়বদ্ধ।

5. ইকুইটি কমপ্লায়েন্স অফিসার ("ECO") হলেন DOE-এর কর্মী যিনি এই প্রবিধান লঙ্ঘনের জন্য দেওয়া সকল অভিযোগ গ্রহণ, প্রতিবিধান, প্রক্রিয়াকরণ, এবং তদন্তের জন্য দায়বদ্ধ।

6. FACE ইকুইটি কাউন্সিল ("Equity Council") হলো কাউন্সিলগুলোর পক্ষ থেকে পিতামাতা নেতৃত্বের এবং FACE নিযুক্ত চ্যান্সেলরের প্যারেন্ট অ্যাডভাইজরি কাউন্সিলের একটি টিম যা FACE-কে ECO নিযুক্তি ও বহাল রাখা সম্পর্কে সুপারিশ দেবে এবং ECO-এর কাছে জমা দেওয়া অভিযোগ নিষ্পত্তিতে সুপারিশ দিতে পারে।

7. পিতামাতা বলতে পিতা কিংবা মাতা (জন্মগত অথবা পালক, সৎ-পিতামাতা বা ফস্টার (লালন-পালনকারী) পিতামাতা), আইনি অভিভাবক, অথবা যার সাথে সন্তানের পিতামাতাসুলভ সম্পর্ক আছে, এমন কোনো ব্যক্তিকে বোঝায়। শিক্ষার্থীর সাথে পিতামাতার সম্পর্কে আবদ্ধ ব্যক্তি হচ্ছেন তিনি, যিনি পিতামাতা বা আইনি অভিভাবকের স্থলে নিয়মিতভাবে সন্তানের সেবা ও তত্ত্বাবধানের জন্য সরাসরি দায়বদ্ধ থাকেন।

8. ব্যক্তিগতভাবে শনাক্তযোগ্য তথ্যের মধ্যে নিম্নলিখিতগুলো আছে, তবে তা নাম, বয়স, বাড়ি বা কাজের ঠিকানা, ফোন নম্বর, জন্মতারিখ, নাগরিকত্বের অবস্থা, জাতিগত বা ধর্মীয় আনুগত্য, নিয়োগদাতা ও চাকুরিগত অবস্থা, ছেলেমেয়েরা পঠিত স্কুলসমূহের নাম, ছেলেমেয়েরা কোথায় লেখাপড়া করছে বা কোন প্রোগ্রামে ভর্তি আছে - এগুলোতে সীমিত নয়।

9. OSI হলো নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের অফিস অভ স্পেশাল ইনভেস্টিগেশন (বিশেষ তদন্ত অফিস)।

10. SCI হলো নিউ ইয়র্ক সিটি স্কুল ডিস্ট্রিক্টের জন্য স্পেশাল কমিশনার অভ ইনভেস্টিগেশন (তদন্তের বিশেষ কমিশনার), যা একটি স্বনির্ভর এজেন্সি যা নিউ ইয়র্ক সিটি স্কুল ডিস্ট্রিক্টের কথিত অসদাচারণের তদন্ত করে।

NYC Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: D-210
বিষয়: **সিটিওয়াইড অ্যান্ড কমিউনিটি এডুকেশন কাউন্সিল আচরণ বিধি ও অভিযোগ প্রক্রিয়া: বৈষম্য-বিরোধী ও হয়রানী-বিরোধী নীতি**
শ্রেণি: **সিটিওয়াইড এবং কমিউনিটি এডুকেশন কাউন্সিলসমূহ**
ইস্যুর তারিখ: 22 **ডিসেম্বর,** 2021

## I. পরিসর

A. যেসব আচরণ এই প্রবিধান বরখেলাপ করে, সেগুলো শাস্তির ভিত্তি হিসেবে কাজ করতে পারে, এমনকি তা ফেডারেল, স্টেট অথবা স্থানীয় আইনের বরখেলাপ পর্যায়ে উন্নীত না হলেও।

B. একজন কাউন্সিল সদস্য যিনি কাউন্সিল সদস্য প্রার্থী থাকাকালে এবং এর পাশাপাশি কাউন্সিলের মেয়াদ শুরুর আগে এই প্রবিধানের বরখেলাপ করেন, তিনি সেকশন III-এ প্রতিষ্ঠিত নিয়মে শৃঙ্খলাবিধানমূলক পদক্ষেপের মুখোমুখি হতে পারেন।

C. কাউন্সিল সদস্যগণ যে ব্যক্তি, সংগঠন বা প্রতিষ্ঠানের সাথে সম্বন্ধযুক্ত, সেটার প্রসারের কারণ হতে, অনুরোধ করতে, বা উৎসাহদানমূলক আচরণ করতে পারবেন না, যা করতে নিয়োজিত হলে কাউন্সিল সদস্যের দ্বারা এই প্রবিধানের লঙ্ঘন হতে পারে।

## II. আচরণ বিধি

A. প্রকৃত বা অনুমিত জাতিত্ব, বর্ণ, ধর্ম, কৃষ্টি, জাতিগত পরিচয়, জাতিগত উৎপত্তি, বিদেশিত্ব, নাগরিকত্ব বিষয়ক অবস্থান, বয়স, বৈবাহিক অবস্থান, গার্হস্থ অংশীদারত্বের অবস্থান, প্রতিবন্ধিত্ব, যৌন পছন্দ, লিঙ্গ এবং সামরিক বাহিনীতে অবস্থানের ভিত্তিতে DOE বৈষম্যকরণ বা হয়রানী নিষেধ করে।

B. কাউন্সিল সদস্য এমন কোনো আচরণে লিপ্ত হতে পারবেন না যা সেকশন II.A-এ প্রতিষ্ঠিত নিয়মের ভিত্তিতে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে বৈষম্য বা হয়রানীর বিষয়ে পরিণত করে।

C. কাউন্সিল সদস্যগণ এমন আচরণে লিপ্ত হতে পারবেন যা হয়রানী, ভীতি বা হুমকি হিসেবে কাজ করে, এতে অন্তর্ভুক্ত তবে এগুলোতেই সীমিত নয়, ঘন ঘন মৌখিক দুর্ব্যবহার এবং অকারণে আগ্রাসী ভাষা ব্যবহার যা ভীতির সৃষ্টি করে এবং অন্যদের মাঝে তাদের ব্যক্তিগত নিরাপত্তার উদ্বেগ সৃষ্টি করে।

D. শিক্ষার্থীদের প্রতি অমর্যাদা DOE বরদাস্ত করে না। কাউন্সিল সদস্যগণ এমন আচরণে নিয়োজিত হবেন না যাতে কোনো DOE শিক্ষার্থীর সাথে অপমানজনক বা আপত্তিজনক মন্তব্য করা হয়।

E. কাউন্সিল সদস্যগণ এমন আচরণে লিপ্ত হবেন না যা কোনো DOE শিক্ষার্থী অথবা কোনো শিক্ষার্থীর পরিবারের গোপনীয় কিংবা ব্যক্তিগত শনাক্তযোগ্য তথ্য তাদের সম্মতি ছাড়া উন্মুক্তভাবে প্রকাশ করে, শেয়ার করে, উন্মোচিত করে।

F. একজন কাউন্সিল সদস্য হিসেবে কাউন্সিল সদস্যদের যেসব ইমেইল তালিকা, লিস্টসার্ভ, ওয়েবসাইট, সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্ট বা অপর যোগাযোগের মাধ্যমসমূহ ব্যবহারের সুযোগ আছে, সেগুলোকে তিনি নিজের ব্যক্তিগত সুবিধার বা গোপন কোনো লাভের, কিংবা কোনো একক বা দলগত প্রার্থীদের সমর্থনের জন্য অপর ব্যক্তি সম্পর্কে মিথ্যা বিবৃতি দিতে ব্যবহার করতে পারবেন না।

G. কাউন্সিল সদস্যগণ অবশ্যই নিশ্চিত করবেন যে, কাউন্সিল কর্তৃক সংগৃহীত যেকোন সদস্যের যোগাযোগের তথ্য প্রকাশ হওয়া থেকে সুরক্ষিত আছে এবং তা শুধুই ব্যবহৃত হবে আইনি, কাউন্সিলের অফিসিয়াল উদ্দেশ্যে, এবং ব্যক্তিগত যোগাযোগের, কারও পক্ষে প্রচারণা বা সমর্থন চাইবার জন্য নয়।

H. কাউন্সিল সদস্যগণ ব্যক্তিগতভাবে বা আর্থিকভাবে নিজেদের, পরিবারের সদস্যদের, কিংবা যাদের সাথে তাদের ব্যবসায়ীক বা আর্থিক সম্পর্ক আছে, এমন অপর কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের লাভের জন্য তাদের পদমর্যাদা ব্যবহার করতে পারবেন না।

I. কাউন্সিল সদস্যগণ এই প্রবিধান সম্পর্কে অবহিত হওয়ার এবং নিউ ইয়র্ক এডুকেশন ল-এর সেকশন 2590-e(7)-এর আওতায় FACE আয়োজিত সকল প্রশিক্ষণ ও চলমান শিক্ষালাভের সুযোগে অংশগ্রহণের জন্য দায়বদ্ধ।

## III. সংশোধন ও শাস্তিমূলক ব্যবস্থা

সংশোধনমূলক ও শাস্তিমূলক পদক্ষেপ উপযুক্ত হতে পারে যখন কোনো কাউন্সিল সদস্যের আচরণ এই প্রবিধান, কিংবা আইনের অপর কোনো প্রয়োগযোগ্য ধারা, উপবিধি, নিয়ম বা প্রবিধান, মানদণ্ড, নির্দেশনা বা চুক্তি লঙ্ঘন করবেন।

কোনো সংশোধনমূলক বা শাস্তিমূলক পদক্ষেপ গ্রহণ করতে হবে শিক্ষা আইনের সেকশন 2590-l-এর সাথে সামঞ্জস্য রেখে, এবং তাদের অন্তর্ভুক্ত হতে পারে নিম্নলিখিতগুলো, তবে তা এগুলোতে সীমিত নয়, যা যথাযথ আচরণ নয়, তা বন্ধ করার বা আবশ্যক পদক্ষেপ গ্রহণের, কিংবা কোনো সদস্যের সাসপেনশন বা অপসারণের জন্য একটি অর্ডার ইস্যু করা।

যে কাউন্সিল সদস্যকে তার আচরণের জন্য তার পদ থেকে অপসারণ করা হয়েছে, পরবর্তিতে তিনি কোনো কাউন্সিল বা স্কুল বা ডিস্ট্রিক্ট টাইটেল I প্যারেন্ট অ্যাডভাইজরি কাউন্সিলে কাজ করার জন্য নিষিদ্ধ হতে পারেন।

## IV. অভিযোগ প্রক্রিয়া

A. অভিযোগ দায়েরকরণ

1. যে কেউ নিম্নলিখিত পদ্ধতিগুলোর যে কোনটি ব্যবহার করে ECO-এর কাছে এই প্রবিধান লঙ্ঘনের বিষয়ে অভিযোগ জানাতে পারবেন: ইলেক্ট্রনিকভাবে [link forthcoming] লিংকে প্রাপ্ত ফর্ম ব্যবহার করে; কিংবা ECO-কে ইমেইল করে, ফোন করে, চিঠি লিখে কিংবা এই প্রবিধানের শেষে দেয়া ব্যক্তির নম্বর বা ঠিকানা ব্যবহার করে।
2. অভিযোগসমূহে অভিযোগকারীর(গণের) নাম এবং তাদের সাথে যে ফোন নম্বর অথবা ইমেইল ঠিকানায় যোগাযোগ করতে পারবেন, সেটা অবশ্যই থাকতে হবে। পরিচিতিহীন অভিযোগ গৃহীত হবে না।
3. এই প্রবিধান লঙ্ঘনের ঘটনার অভিযোগ অভিযুক্ত ঘটনা সংঘটিত হওয়ার 60 ক্যালেন্ডার দিবসের মধ্যে জমা দিতে হবে।
4. অভিযোগ প্রক্রিয়াকালে চ্যান্সলেরর প্রবিধান A-663 অনুসারে প্রয়োজন অনুযায়ী ভাষা সহায়তা পরিষেবা পাওয়া যাবে।
5. তদুপরি, যে কেউ এই প্রবিধান লঙ্ঘনের অভিযোগ জমা দিতে পারবেন সরাসরি SCI-এর কাছে https://nycsci.org/online-complaint-form/ -এ অথবা 212-510-1400 নম্বর ব্যবহার করে।
6. ECO-এর কাছে জমা দেওয়া দুর্নীতি, অপরাধমূলক কর্মকাণ্ড, কিংবা স্বার্থের দ্বন্দ্ব বিষয়ক অভিযোগ SCI-এর কাছে পাঠাতে হবে এবং যখন অপরাধমুলক কর্মকাণ্ডের সাথে সংযোগ থাকবে, তখন নিউ ইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্টে পাঠাতে হবে।

B. প্রাথমিক পদক্ষেপ

1. ECO-কে সকল অভিযোগ প্রাপ্তির কথা অভিযোগ হস্তগত হওয়ার 2 কার্যদিবসের মধ্যে অভিযোগকারীর কাছে লিখিতভাবে রসিদ দিয়ে স্বীকার করতে হবে। ECO-কে FACE ইক্যুইটি কাউন্সিলের কাছে অভিযোগের একটি কপি দিতে হবে।
2. অভিযোগসমূহ FACE-এর ফাইলে রাখতে হবে। সেকশন IV.C.3-এ উল্লেখিত অনুযায়ী ব্যতীত অভিযোগ ও তদন্ত গোপন রাখতে হবে।
3. যদি ইক্যুইটি কাউন্সিলের সাথে আলাচনা সাপেক্ষে ECO বিশ্বাস করে যে অভিযোগটি অপরাধমূলক, শিক্ষার্থী বা DOE স্টাফদের নিরাপত্তা ও মঙ্গলের জন্য তাৎক্ষণিকভাবে বিপজ্জনক বা নিউ ইয়র্ক সিটি স্কুল ডিস্ট্রিক্ট-এর সর্বোচ্চ স্বার্থের পরিপন্থী, তাহলে অভিযোগের তদন্ত সম্পন্ন না হওয়া পর্যন্ত তদন্ত চলাকালে ECO চ্যান্সেলরের কাছে যে কাউন্সিল সদস্যের বিরুদ্ধে অভিযোগ করা হয়েছে, তাকে সাময়িক বহিষ্কার বা অপসারণ করার অনুরোধ জানাতে পারে।

C. অভিযোগসমূহ তদন্তের প্রক্রিয়াসমূহ

1. কোনো অভিযোগ হস্তগত হওয়ার 3 কার্যদিবসের মধ্যে অভিযুক্ত আচরণ এই প্রবিধান অনুযায়ী নিষিদ্ধ কিনা, তা নির্ধারণের জন্য ECO-কে অভিযোগ পর্যালোচনা করতে হবে।

2. যদি ECO নির্ধারণ করেন যে অভিযোগের আচরণ এই প্রবিধানে নিষিদ্ধ, তাহলে ECO-কে পক্ষসমূহ ও এবং সাক্ষীদের সাক্ষাৎকার নিয়ে এবং প্রাসঙ্গিক প্রমাণ পর্যালোচনা করার মাধ্যমে একটি তদন্ত পরিচালনা করতে হবে। অভিযুক্ত ব্যক্তির অভিযোগের জবাব দেয়ার অধিকার আছে। ECO-কে তাদের তদন্ত সম্পন্ন করতে হবে অভিযোগ হস্তগত হওয়ার 60 ক্যালেন্ডার দিবসের মধ্যে।

3. DOE-এর নীতি হচ্ছে এই প্রবিধান অনুসারে জমা দেওয়া অভিযোগের সাথে সংশ্লিষ্ট সকল পক্ষের এবং সাক্ষীর গোপনীয়তার মর্যাদা দেওয়া। তবে, গোপনীয়তা রক্ষা করার প্রয়োজন অবশ্যই প্রয়োজনীয় পুলিশি তদন্ত পরিচালনা ও সহযোগিতার বিপরীতে অভিযুক্ত ব্যক্তির ন্যায়বিচার লাভের সুবিধা প্রদানের জন্য এবং/অথবা অভিযোগের সমঝোতা বা সমাধানের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের ক্ষেত্রে ভারসাম্যপূর্ণ হতে হবে। সুতরাং, প্রয়োজনে কিছু কিছু পরিস্থিতিতে অভিযোগ সম্পর্কিত তথ্য প্রকাশের প্রয়োজন হতে পারে।

4. তদন্তের পর, ECO-কে ইকুইটি কাউন্সিলের কাছে তদন্তে প্রাপ্ত ফলাফলের একটি রিপোর্ট এবং এই প্রবিধানের আদৌ লঙ্ঘন হয়েছিল কিনা এবং কোনো সংশোধনমূলক বা শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে কিনা, এই মর্মে একটি সুপারিশ জমা দিতে হবে। ইক্যুইটি কাউন্সিল ফলাফল ও সুপারিশ পর্যালোচনা করবে এবং 10 ক্যালেন্ডার দিবসের মধ্যে তার সুপারিশ ECO-কে প্রদান করবে।

5. ECO এবং ইক্যুইটি কাউন্সিলের মধ্যে মত-ভিন্নতার মতো ঘটনা ঘটলে ECO-এর সুপারিশ প্রাধান্য পাবে।

D. সিদ্ধান্ত

1. যদি সময় বাড়ানর মতো পরিস্থিতি না থাকে, তাহলে ECO-এর অভিযোগপ্রাপ্তির 60 ক্যালেন্ডার দিবসের মধ্যে, এই প্রবিধানের কোনো লঙ্ঘন হয়েছে কি না, সে বিষয়ে ECO তাদের সুপারিশ এবং যথাযথ সংশোধনমূলক বা শাস্তিমূলক পদক্ষেপের সুপারিশ চ্যান্সেলরের কাছে দেবে।

2. ECO-এর কাছ থেকে সুপারিশ পাওয়ার 10 কর্মদিবসের মধ্যে চ্যান্সেলর বা ভারপ্রাপ্ত ব্যক্তি, এই প্রবিধান লঙ্ঘন হয়েছে কিনা এবং যথাযথ সংশোধনমূলক বা শাস্তিমূলক পদক্ষেপটি কী, সে ব্যাপারে একটি লিখিত সিদ্ধান্ত ইস্যু করবেন । বাদীকে(দের) ও বিবাদীকে(দের) সিদ্ধান্ত সম্পর্কে লিখিতভাবে জানান হবে।

E. নিরসনের সুযোগ

1. কোনো সংশোধনমূলক বা শাস্তিমূলক পদক্ষেপ বাস্তবায়নের আগে কাউন্সিল সদস্য যিনি এ ধরনের পদক্ষেপে বিবাদী হন, তাকে চ্যান্সেলরের সিদ্ধান্ত পাওয়ার 10 কর্মদিবসের মধ্যে চ্যান্সেলর বা ভারপ্রাপ্ত ব্যক্তির সাথে একটি সমঝোতার সুযোগ দেওয়া হবে।

2. আচরণগুলো নিম্নরূপ হলে চ্যান্সেলর কোনো সমঝোতা না করেই কোনো কাউন্সিল সদস্যকে সাময়িক বহিষ্কার বা অপসারণ করতে পারেন:
   a. অপরাধমূলক হয়,
   b. শিক্ষার্থী বা DOE কর্মচারিদের নিরাপত্তা ও কল্যাণের জন্য সাক্ষাত বিপজ্জনক হলে, কিংবা
   c. চ্যান্সেলরের বিচারে সেটা যদি নিউ ইয়র্ক সিটি স্কুল ডিস্ট্রিক্ট-এর সেরা স্বার্থের পরিপন্থী হয়।

## V. প্রতিশোধ

DOE-এর নীতি হলো বৈষম্যমূলক আচরণের জন্য আপত্তি জানিয়েছেন অথবা এই প্রবিধানের আওতায় বৈষম্যকরণ কিংবা হয়রানীর অভিযোগ জানিয়েছেন, অথবা যিনি এই প্রবিধান অনুযায়ী এই প্রবিধান লঙ্ঘনের কোনো অভিযোগ দায়ের করেছেন অথবা কোনো তদন্তে অংশগ্রহণ করেছেন, তার বিরুদ্ধে প্রতিশোধ গ্রহণ নিষিদ্ধ করা। কোন সুরক্ষা পাওয়া কর্মকাণ্ডে কথিত অংশগ্রহণের কারণে কোন ব্যক্তির বিরুদ্ধে ব্যবস্থাগ্রহণও প্রতিশোধমূলক বলে বিবেচিত।

## VI. বার্ষিক পর্যালোচনা

ECO এবং ইক্যুইটি কাউন্সিলকে এই প্রবিধান প্রতি বছর পর্যালোচনা করতে হবে এবং প্রয়োজনে আইনানুসারে সামঞ্জস্যপূর্ণ হলে হালনাগাদ করতে হবে।

## VII. অনুসন্ধানসমূহ

এই প্রবিধান সংক্রান্ত সকল অনুসন্ধান নিচের ঠিকানায় পাঠাতে হবে:

Office of Family and Community Empowerment
N.Y.C. Department of Education
52 Chambers Street - Room 405
New York, NY 10007
**ফোন:** 212-374-4118
**ইমেইল:** FACE@schools.nyc.gov

Equity Compliance Officer
N.Y.C. Department of Education
52 Chambers Street - Room [পরে নির্ধারিত হবে]
New York, NY 10007
ফোন: [পরে নির্ধারিত হবে]
ইমেইল: [পরে নির্ধারিত হবে]